

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৪৩.২০২২. ১৭৩৬

তারিখ: ০৩ জানুয়ারি ১৪৩০ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: আব্দুল্লাহ হাবিব, অধ্যক্ষ, সরকারি বঙ্গবন্ধু কলেজ, রূপসা, খুলনা এর বিরুদ্ধে আর্থিক বিধি-বিধান লঙ্ঘন করে মালামাল ক্রয় না করে বরাদ্দকৃত অর্থ উত্তোলনপূর্বক একক স্বাক্ষরে উত্তোলন করা যায় এমন হিসাব নম্বর খুলে উক্ত অর্থ স্থানান্তর করে পরবর্তীতে উত্তোলন করার এবং শিক্ষার্থীদের নিকট হতে প্রশংসাপত্র প্রদান বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও সার্টিফিকেট প্রদান বাবদ ২০,২০০/- (বিশ হাজার দুইশত) টাকা মোট ৫০,২০০/- (পঞ্চাশ হাজার দুইশত) টাকা উত্তোলনপূর্বক আত্মসাতের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ার তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করেন এবং গত ১১/০৭/২০২৩ খ্রিস্টাব্দে এ বিষয়ে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় তার বিরুদ্ধে “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মো: আব্দুল্লাহ হাবিব, অধ্যক্ষ, সরকারি বঙ্গবন্ধু কলেজ, রূপসা, খুলনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও (ঘ) অনুযায়ী “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(সোলেমা খান)


সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৪৩.২০২২.৩০৪/২(৭)

তারিখ: ০৬ জানুয়ারি ১৪৩০ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মো: আব্দুল্লাহ হাবিব এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপসচিব (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, সরকারি বঙ্গবন্ধু কলেজ, রূপসা, খুলনা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৭। জনাব মো: আব্দুল্লাহ হাবিব, অধ্যক্ষ, সরকারি বঙ্গবন্ধু কলেজ, রূপসা, খুলনা।


(আবু সাঈদ মো: ফজলে এলাহী)
উপসচিব

ফোন: ২২২৩৩৫৪২৬৫